

সঞ্জয় কুমার ভৌমিক
চেয়ারম্যান (গ্রেড-০১)
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)

জনাব সঞ্জয় কুমার ভৌমিক, ব্রাহ্মণবাড়িয়া জেলার অন্তর্গত নাসিরনগর উপজেলার জেঠাগ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হতে বি.এস.সি. (এজি) সম্মান এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হতে এগ্রোফরেন্স্ট্রি এন্ড এনভাইরনমেন্ট এর উপর স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে তিনি নর্দান বিশ্ববিদ্যালয় থেকে গভার্ন্যান্স স্টাডিজ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। জনাব সঞ্জয় কুমার ভৌমিক ১৯৯৪ সালে (১৩ তম) বিসিএস (প্রশাসন) ক্যাডার সদস্য হিসেবে সরকারি চাকরিতে যোগদান করেন। তিনি সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট, সহকারী কমিশনার (ভূমি), সিনিয়র সহকারী কমিশনার, সিনিয়র সহকারী সচিব, উপজেলা নির্বাহী অফিসার, অতিরিক্ত জেলা প্রশাসক, উপ-পরিচালক, প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে মাঠ পর্যায়ে বিভিন্ন সময়ে কর্মরত ছিলেন। এছাড়াও সিনিয়র সহকারী সচিব হিসেবে খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ে কর্মরত ছিলেন।

তিনি ০৮ নভেম্বর ২০১৮ তারিখে যুগ্মসচিব পদে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে যোগদান করেন এবং ০৭ সেপ্টেম্বর ২০২১ তারিখে একই মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব পদে পদোন্নতি পেয়ে ২৩ জানুয়ারি ২০২৪ পর্যন্ত দায়িত্ব পালন করেন। পাশাপাশি ১১ অক্টোবর ২০২১ থেকে ২৩ জানুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত পরিচালক হিসেবে বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামে অতিরিক্ত দায়িত্ব পালন করেন। সুদীর্ঘ কর্মজীবনে জনাব সঞ্জয় কুমার ভৌমিক দেশে ও বিদেশে বিভিন্ন কর্মশালা, সেমিনার, কনফারেন্স এবং প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। এরই অংশ হিসেবে তিনি যুক্তরাষ্ট্র, কানাডা, ফ্রান্স, জার্মানী, স্পেন, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, কোরিয়া, মালয়েশিয়া, সিঙ্গাপুর, ভিয়েতনাম, ভারত, থাইল্যান্ড, সংযুক্ত আরব আমিরাত, মিশর, সেনেগাল ইত্যাদি রাষ্ট্র ভ্রমণ করেছেন।

জনাব সঞ্জয় কুমার ভৌমিক গত ২৪ জানুয়ারি ২০২৪ তারিখে গ্রেড-০১ পদে পদোন্নতি পেয়ে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনে (বিসিক) চেয়ারম্যান হিসেবে যোগদান করেন।